দৈনিক ইত্তেফাক

তারিখ ... ... FEB. 0 7 2000 ...
পৃষ্ঠা ... কলাম ... ......

40

## পাঁচ ভুয়া ছাত্রের বিরুদ্ধে মামলা

নোয়াখালী সংবাদদাতা ॥ কুমিল্লা শিক্ষা বোর্ডে অনুষ্ঠিত ১৯৯৭ সালের এসএসসি পরীক্ষায় অকৃতকার্য হইয়া সার্টিফিকেট ও মার্কশীট জালিয়াতির মাধ্যমে এইচএসসিতে ভর্তি হইবার ১ বৎসর পর ৫ জন ভুয়া ছাত্র ধরা পড়িয়াছে। সুধারাম থানার উত্তর কাদির হানিফের আবুল হোসেন ও সালাহউদ্দিন, শিবপুরের আব্দুল আউয়াল, জহিরউদ্দীন এবং রিয়াজউদ্দিন নামের এ ৫ জন ছাত্র ভুয়া সার্টিফিকেট ও মার্কশীট দাখিলের মাধ্যমে ১৯৯৮-৯৯ শিক্ষাবর্ষে নোয়াখালীর সোনাপুর ডিগ্রী কলেজে ভর্তি হইয়াছিল। তাহাদের বিরুদ্ধে জেলা দুর্নীতি দমন বিভাগ গত মাসে পৃথকভাবে সুধারাম থানায় ৫টি মামলা দায়ের করিয়াছে।